

اًلنَّمْل | An-Naml | An-Naml

আয়াতঃ ২৭: ৩৪

া আরবি মূল আয়াত:

قَالَت إِنَّ المُلُوكَ إِذَا دَخَلُوا قَريَةً اَفسَدُوهَا وَ جَعَلُوا اَعِزَّةَ اَهلِهَا اَذِلَّةً وَ كَذَٰلِكَ يَفعَلُونَ ﴿٣٣﴾

সে বলল, 'নিশ্চয় রাজা-বাদশাহরা যখন কোন জনপদে প্রবেশ করে তখন তাকে বিপর্যস্ত করে এবং সেখানকার সম্মানিত অধিবাসীদেরকে অপদস্থ করে। আর তা-ই তারা করবে'। — আল-বায়ান

সে বলল- 'রাজারা যখন কোন জনপদে ঢুকে তখন বিপর্যয় ডেকে আনে এবং তথাকার সম্মানিত ব্যক্তিদেরকে অপমানিত করে ছাড়ে আর এরাও তাই করবে। — তাইসিক্রল

সে বললঃ রাজা-বাদশাহরা যখন কোন জনপদে প্রবেশ করে তখন ওকে বিপর্যস্ত করে দেয় এবং সেখানকার মর্যাদাবান ব্যক্তিদেরকে অপদস্থ করে; এরাও এ রূপই করবে। — মুজিবুর রহমান

She said, "Indeed kings - when they enter a city, they ruin it and render the honored of its people humbled. And thus do they do. — Sahih International

৩৪. সে নারী বলল, রাজা-বাদশাহরা যখন কোন জনপদে প্রবেশ করে তখন তো সেটাকে বিপর্যস্ত করে দেয় এবং সেখানকার মর্যাদাবান ব্যক্তিদেরকে অপদস্ত করে. আর এরূপ করাই তাদের রীতি(১):

(১) আর এরূপ করাই তাদের রীতি। এ কথাটি যদি 'সাবা' সমাজ্ঞীর হয় তবে এর অর্থ দু'টি হতে পারেঃ এক, কথাটি তিনি আগের কথার তাকিদ হিসেবে ব্যবহার করেছেন। অর্থাৎ রাজা বাদশাহগণ কোন দেশ জোর করে দখল করেন তখন সেখানকার সম্মানিত অধিবাসীদের অসম্মানিত করে তাদের মনে ভয়ভীতি ঢুকিয়ে দিয়ে রাষ্ট্রযন্ত্র নিয়ন্ত্রণ করা তাদের চিরাচরিত নিয়ম। [মুয়াস্সার] দুই, অথবা তিনি একথা বলতে চেয়েছেন যে, যেহেতু রাজাবাদশাহগণ এরূপ করে থাকেন তাই সুলাইমান ও তার সৈন্য-সামন্তরা অনুরূপ কাজই করবে। [জালালাইন] আর যদি এ কথাটি আল্লাহর কথা হয় তবে তা দ্বারা আল্লাহ তা'আলা সাবা সম্রাজ্ঞীর কথাকে বাস্তব বলে স্বীকৃতি দিলেন। [ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৩৪) সে বলল, 'রাজা-বাদশারা যখন কোন জনপদে প্রবেশ করে,[1] তখন ওকে বিপর্যস্ত করে দেয় এবং সেখানকার মর্যাদাবান ব্যক্তিদের অপদস্থ করে; [2] এরাও এরূপই করবে। [3]



- [1] অর্থাৎ, শক্তি দ্বারা বিজয়ী হয়ে।
- [2] অর্থাৎ হত্যা, লুটতরাজ ও বন্দী করার মাধ্যমে।
- [3] কোন কোন তফসীরকারের মতে এটি আল্লাহর উক্তি, যা সাবা'-রাণীর সমর্থনে বলা হয়েছে। আবার কারো কারো মতে, এটি বিলকীসেরই কথা ও তার শেষাংশ। আর এ মতই বাগধারার বেশী নিকটবর্তী।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3193

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন